

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৭৪

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাতে তাহাজ্জুদ সালাত আদায়কারী ব্যক্তির যদি নির্ধারিত নফল ইবাদত পালনে ঘুম পরাভূত করে, তবে তার প্রতি ঘুমানোর নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأُمْرِ لِلْمُتَهَجِّدِ بِاللَّيْلِ بِالنَّوْمِ عِنْدَ غَلَبَتْهِ إِيَّاهُ عَلَى ورده

আরবী

2574 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن هشام بن عروة عن أبيه عن عائشة إن رسول الله صلى الله عليه وسلم قَالَ: (إِذَا نَامَ أَحَدُكُمْ فِي صَلَاتِهِ فَلْيَرْقُدْ حَتَّى يَذْهَبَ عَنْهُ النَّوْمُ فَإِنَّ أَحَدَكُمْ إِذَا قَامَ يُصلِّي وَهُوَ نَاعِسٌ لَعَلَّهُ يَسْتَغْفِرُ فَيَسُبِ نفسه)

الراوي: عائشة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2574 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) ((1183): ق.

বাংলা

২৫৭৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কারো সালাতে ঘুম চলে আসবে, তখন সে যেন শুয়ে পড়ে, যাতে তার ঘুম চলে যায়। কেননা যখন তোমাদের কেউ তন্দ্রাচ্ছন্ন অবস্থায় সালাতে দাঁড়ায়, তখন সম্ভবত সে ইস্তেগফার করতে গিয়ে নিজেকে গালি দিয়ে বসবে।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১১৮; সহীহ আল বুখারী: ২১২; সহীহ মুসলিম: ৭৮৬; আবূ দাউদ: ১৩১০; সুনান বাইহাকী: ৩/১৬; আবূ আওয়ানা: ২/২৯৭; মুসানাফ আব্দুর রাযযাক: ৪২২২; মুসনাদ আহমাদ: ৬/৫৬; দারেমী: ১/৩২১; হুমাইদী: ১৮৫; তিরমিযী: ৩৫৫; ইবনু মাজাহ: ১৩৭০; বাগাবী: ৯৪০।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন